দৈনিক ইত্তেফাক

8

তারিখ ...1 1 JUL 1996...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 2 ...

১/

## এইচ এস সি পরীক্ষা ॥ যশোর বোর্ডে ১৫টি ভিজিলেন্স টিম

আমাদের যশোর প্রতিনিধি জানান : আগামীকাল (বৃহস্পতিবার) হইতে যশোর শিক্ষা বোর্ডের এইচ এস সি পরীক্ষা দুর্নীতি-

( ১০ম পৃঃ দ্রঃ )

### এইচ এস সি পরীক্ষা

(১ম পৃঃ পর)

মুক্তভাবে অনুষ্ঠানের জন্য বোর্ড, শিক্ষাবিদ এবং সাংবাদিকদের সমন্বয়ে ১৫টি বিশেষ 'ভিজিলেন্স টিম' গঠন করিয়াছেন। পরীক্ষা-শেষে টীমের সদস্যগণ পরীক্ষা কেন্দ্রসমূহের সার্বিক পরিবেশ এবং নকলের প্রবণতা সম্পর্কে বোর্ডের চেয়ারম্যানের নিকট গোপন প্রতিবেদন পেশ করিবেন। বোর্ডের চেয়ারম্যান প্রফেসর গাজী আবদুস সালাম জানান, গত দুই বছর এই বোর্ডের এস এস সি এবং এইচ এস সি পরীক্ষায় বিশেষ টীমের মাধ্যমে পরিদর্শনের ব্যবস্থা চালু থাকায় ভাল ফল পাওয়া গিয়াছে।

আমাদের খুলনা অফিস জানায়, এই জেলায় উচ্চ মাধ্যমিক পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে গতকাল এম, এম সিটি কলেজ মিলনায়তনে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। শিক্ষক সমিতি ফেডারেশন খুলনা জেলা শাখা আয়োজিত সমাবেশে প্রশাসন, অভিভাবক, আইনজীবী, শিক্ষক, সাংবাদিকসহ বিভিন্ন স্তরের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন সংগঠনের জেলা কমিটির সভাপতি কাজী ফারুক আহমদ।